

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৬.১৯.

তারিখ:

০১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব প্রভু দাস দেব (১৮৫৭১), প্রভাষক (গণিত), ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও বর্তমানে উলিপুর সরকারি কলেজ, কুড়িগ্রাম এর বিরুদ্ধে কর্তব্য কাজে অবহেলা ও অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ২০.০৮.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, তার স্ত্রীর অসুস্থতার কারণে পারিবারিকভাবে তিনি বিপর্যস্ত ছিলেন এবং মানসিকভাবে ভেঙে পড়েন। সে কারণে ২০.০৯.২০১৮ তারিখ হতে ২৯.০৯.২০১৮ তারিখ পর্যন্ত কলেজে উপস্থিত হতে পারেননি। বর্তমান কর্মস্থলে তিনি নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করছেন। অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি ক্ষমা চেয়েছেন। ভবিষ্যতে এ ধরনের দায়িত্বে অবহেলা করবেন না অঙ্গিকার করেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব প্রভু দাস দেব (১৮৫৭১), প্রভাষক (গণিত), উলিপুর সরকারি কলেজ, কুড়িগ্রাম এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তার অননুমোদিত অনুপস্থিতকাল ২০.০৯.২০১৮ তারিখ হতে ২৯.০৯.২০১৮ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-

তারিখ: ১৫.০৯.২০১৯  
(মোঃ সোহরাব হোসাইন)  
সিনিয়র সচিব


০১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৬.১৯.

তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব প্রভু দাস দেব এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, উলিপুর সরকারি কলেজ, কুড়িগ্রাম।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা .....
- ৮। জনাব প্রভু দাস দেব (১৮৫৭১), প্রভাষক (গণিত), উলিপুর সরকারি কলেজ, কুড়িগ্রাম।

  
(জাকিয়া খানম)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৫৩২৭৬